

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৪২

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ একজন ব্যক্তির জন্য মুস্তাহাব হলো মুসলিমদের রাস্তা থেকে কষ্টদায়ক বস্তু সরিয়ে ফেলা কেননা এটি ঈমানের অন্তর্ভূক্ত

ذِكْنُ اسْتِحْبَابِ الْمَرْءِ أَنْ يُمِيطَ الْأَذَى عَنْ طَرِيقِ الْمُسْلِمِينَ إِذْ هُوَ مِنَ الْإِيمَانِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَّى قَالَ: حَدَّتَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّتَنَا وَكِيعٌ عَنْ أَبِي بَرْزَةَ قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ دُلني عَلَى عَمَلٍ أَبْانَ بْنِ صَمَعْعَةَ عَنْ أَبِي الْوَازِعِ عَنْ أَبِي بَرْزَةَ قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ دُلني عَلَى عَمَلٍ أَنْتَفِعُ بِهِ قَالَ: (نَحِّ الْأَذَى عَنْ طَرِيقِ الْمُسْلِمِينَ) قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَبَانُ بْنُ صَمَعْعَةَ هَذَا وَالِدُ عُتْبَةَ الْغُلَامِ قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَبَانُ بْنُ صَمَعْعَةَ هَذَا وَالِدُ عُتْبَةَ الْغُلَامِ وَأَبُو الْوَازِعِ: اسْمُهُ جَابِرُ بْنُ عَمْرٍ و وَأَبُو بَرْزَةَ اسْمُهُ نَصْلَلَةُ بْنُ عُبَيْدٍ وَأَبُو بَرْزَةَ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : أَبُو بَرْزَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 542 ا خلاصة حكم المحدث: حسن.

বাংলা

৫৪২. আবু বারযাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে এমন একটি আমলের সন্ধান দিন, যার মাধ্যমে আমি উপকৃত হতে পারবো।" রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি মুসলিমদের রাস্তা থেকে কষ্টদায়ক বস্তু অপসারণ করবে।"[1]

আবু হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন: "আবান বিন সাম'আহ হলেন গোলাম উতবার বাবা, আবুল ওয়াযে' এর নাম হলো জাবির বিন আমর, আবু বার্যাহ এর নাম হলো নাদ্বলাহ বিন 'উবাইদ।"

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৯/২৮; ইবনু মাজাহ: ৩৬৮১; সহীহ মুসলিম: ২৬১৮, ১৩১।



হাদীসটির ব্যাপারে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আস সহীহাহ: ২৩৭৩।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ বার্যা আল-আসলামী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন